জীবননগর থানা পুলিশের আয়োজনে জাতীয় শোক দিবসের আলোচনা সভা

চুয়াডাঙ্গা-জীবননগর থানা পুলিশের উদ্যোগে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা পরিষদের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন,যার জন্ম না হলে এ দেশ স্বাধীন হতো না এবং আজও আমরা পাকিস্তানের দাসত্বের নিগড়ে আবদ্ধ থাকতাম, ইতিহাসের মহামানব সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বাংলাদেশের নির্যাতিত-নিপীড়িত মানুষের শ্রেষ্ঠবন্ধু জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে আমরা এই আগস্ট মাসে হারিয়েছি। শোকাবহ আগস্টের সেই কালরাতে ঘাতকের নির্মম বুলেটে প্রাণ হারিয়েছেন বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবসহ জাতির পিতার পরিবারের অন্যান্য সদস্যগণ-তাদের সকলকে বিনম্র শ্রদ্ধায় স্মরণ করি দৃঢ় নীতি, আদর্শ ও সঙ্কল্পবোধ নিয়ে তিনি যুদ্ধবিধ্বস্ত স্বাধীন ও সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ গঠনে অগ্রসর হয়েছিলেন। কিন্তু জাতীয়-আন্তর্জাতিক ষড়যন্ত্রে খুনিচক্র তাকে দেশের অভ্যন্তরে সপরিবারে হত্যা করে। জাতির জনককে সপরিবারে হত্যা করেই খুনিচক্র ক্ষান্ত হয়নি। একই বছরের ৩ নভেম্বর আওয়ামী লীগকে নেতৃত্ব শূন্য করার জন্য কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে-বঙ্গবন্ধুর অবর্তমানে যারা বারবার নেতৃত্ব দিয়েছেন-জাতীয় চার নেতাকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়।

এ হত্যাকাণ্ডের উদ্দেশ্য ছিল জাতীয় রাজনীতিতে নেতৃত্ব শূন্যতা তৈরি করা। কিন্তু ঘাতকচক্রের ষড়যন্ত্র আমরা সফল হতে দেইনি। আওয়ামী লীগের রক্তে ভেজা পতাকা দলীয় ও জাতীয় ঐক্যের প্রতীক বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার হাতে আমরা তুলে দিয়ে সেদিন আমরা ঐতিহাসিক ভূমিকা পালন করেছিলাম। আজ তা প্রমাণিত। জাতির জনক অর্থনৈতিক উন্নয়নের যে ভিত্তিভূমি তৈরি করে দিয়ে গেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেই ভিত্তির উপর দাঁড়িয়ে বঙ্গবন্ধুর চেতনা ধারণ করে, শোককে শক্তিতে পরিণত করেছেন। তিনি নিষ্ঠা, সততা ও সাহসের সাথে সব প্রতিকূলতা অতিক্রম করে বাংলাদেশকে উন্নয়নের

রোল মডেলে পরিণত করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় রূপান্তরিত করতে জাতিকে সাফল্যের সাথে এগিয়ে নিয়ে যাচ্ছেন।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজ, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ নজরুল ইসলাম,জীবননগর পৌর মেয়র মোঃ রফিকুল ইসলাম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি)এম এস জাবীদ হাসান প্রমুখ।

গাংনীতে ডা. সাগরের উদ্যোগে জাতীয় শোক দিবসের আলোচনা সভা

মেহেরপুর জেলা আওয়ামীলীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডা.এ.এম. নাজমুল হক সাগর এর উদ্যোগে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার(১৬ আগস্ট) সন্ধায় গাংনী উপজেলার সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাঠে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম ফারুকের সভাপতিত্বে ও মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলীর সঞ্চালনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের স্বাস্থ্য ও জনসংখ্যা সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ স্বাস্থ্য ও জনসংখ্যা উপ কমিটি সদস্য, রাজশাহী মেডিকেল কলেজের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক ডা.এ.এম. নাজমুল হক সাগর।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, সাহারবাটি ইউনিয়া আওয়ামীলীগের সাধারণ সম্পাদক তৌহিদ মুরশেদ অতুল, সাহারবাটি ০৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আতাউর রহমান খোকন,সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন সাবান,০৯ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আয়নাল হক,০৭নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইউপি সদস্য মহিদুল

ইসলাম, সাহারবাটি ০৯নং ওয়ার্ড়ের ইউপি সদস্য আব্বাস আলী।

এসময় গাংনী উপজেলা শ্রমিক লীগ জিয়াউল হক জিয়া,মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ – সভাপতি হুমায়ন কবির লিখন।
গাংনী উপজেলা ছাত্রলীগের সহ- সভাপতি তরিকুল ইসলাম উজ্জ্বল,তৌফিক আজিজ মুন্না,রাসেল হোসেন,হুসাইন আহমেদ,যুগ্ম- সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম,সাংগঠনিক সম্পাদক সৌরভ হোসেন,মটমুড়া ইউনিয়ান ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাহারুল ইসলাম প্রমূখ।

মেহেরপুরে জাতীয় শোক দিবসে বিজিবি’র বিনামূল্যে খাদ্য বিতরণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বর্ডার গার্ড বাংলাদেশের পক্ষে মেহেরপুরের বুড়িপোতা সীমান্ত ক্যাম্প থেকে বিনামূল্যে খাদ্য সামগ্রী বিতরণ ও চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।

১৫ আগস্ট বিকেল সাড়ে ৩ টায় শালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন বিজিপি (৬) এর উদ্যোগে ও বুড়িপোতা সীমান্ত ক্যাম্পের ব্যবস্থাপনায় বিনামূল্যে খাদ্য সামগ্রী বিতরণ ও চিকিৎসার সেবা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়।

চুয়াডাঙ্গা ব্যাটেলিয়ান (বিজিপি ৬) এর ভারপ্রাপ্ত অধিনায়ক মেজর রাকিবের উপস্থিতিতে এবং বুড়িপোতা ক্যাম্প কমান্ডার জাহাঙ্গীর ও বিজিবি ক্যাম্পের সদস্যদের সার্বিক সহযোগিতায় ফ্রি মেডিক্যাল ক্যাম্পে চিকিৎসা প্রদান করেন মেজর ডাঃ ফারহানা ইয়াসমিন।

কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন

গাংনী উপজেলা কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার ১৫ ই আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে কাথুলী ইউনিয়ন পরিষদে দোয়ার মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রানার সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি মিজানুর রহমান রানা।

বক্তব্য রাখেন গাংনী উপজেলা ছাত্রলীগের সহ সভাপতি ফিরোজ আহম্মেদ পলাশ, বক্তব্য রাখেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী অধ্যাপক হাফিজুল ইসলাম, সহকারী শিক্ষক জয়নাল আবেদীন, ইউ পি সদস্য কাবের আলী,ইউ পি সদস্য আজমাইন হোসেন,আনারুল ইসলাম, বাবুল হোসেন,সহ উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সবেক সাংগঠনিক সম্পাদক শাহিন আলম,গাড়াবাড়ীয়া ২ নং ওয়ার্ড ছাত্রলীগের সভাপতি হাসিবুল ইসলাম,সহ আওয়ামী লীগের ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও সেক্রেটারি বৃন্দ সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বহুমুখী মানব কল্যাণ সংস্থার পক্ষ থেকে জাতীয় শোক

দিবস পালন

বহুমুখী মানব কল্যাণ সংস্থা মেহেরপুরের পক্ষ থেকে জাতীয় শোক দিবস উপলক্ষে শোক র্যালি ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

গতকাল মঙ্গলবার সকাল ৯ ঘটিকার সময় জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে বঙ্গবন্ধুর অস্থায়ী প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন বহুমুখী মানব কল্যাণ সংস্থার জেলা কমিটির সভাপতি মোঃ নুরুল আহমেদ, মেহেরপুর পৌরসভার ৫ নং ওয়ার্ডের ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃমোস্তাক হোসেনসহ সংগঠনের কর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা

স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮তম শাহাদত বার্ষিকী উপলক্ষে ডিসি সাহিত্য মঞ্চ সকাল সাড়ে দশটার সময় জেলা প্রশাসনের উদ্যোগে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

চুয়াডাঙ্গা জেল প্রশাসকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১- আসনের সাংসদ বীর মুক্তিযুদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার (ছেলুন)। এ সময় তিনি বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্টে এক দল বিপথগামী সেনা সদস্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তাঁর পরিবার ও আত্মীয়-পরিজনসহ নির্মমভাবে হত্যা করে মানব ইতিহাসের জঘন্যতম অপরাধ ঘটিয়েছিল। সেই নির্মম হত্যাকাণ্ডের দিনটিকেই জাতীয় শোক দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে এবং এই দিবসটি বাঙালী জাতি তাদের প্রাণপ্রিয় নেতা বঙ্গবন্ধুর প্রতি আন্তরিক শ্রদ্ধায় অভিভূত হয়, শোকাভিভূত হৃদয়ে শ্রদ্ধার অশ্রু নিবেদন করে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার সাবেক সংরক্ষিত মহিলা সংসদ সদস্য শিরীন নাঈম পুনম, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক।

আলোচনা সভা শেষে জাতীয় শোক দিবস উপলক্ষে শিশু -কিশোরদের নিয়ে আয়োজিত চিত্রাংকন, কবিতা আবৃত্তি ও আমার দেখা বঙ্গবন্ধু শীর্ষক ভিডিও কনটেন্ট প্রতিযোগীতার পুরস্কার বিতরণ করা হয়।

এছাড়াও উপস্থিত ছিলেন বিভিন্ন পদমর্যাদার সরকারি কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, স্কুল কলেজের শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ, ইলেকট্রনিক এন্ড প্রিন্ট মিডিয়ার সদস্যবৃন্দ।

জীবননগরে জাতীয় শোক দিবস পালন

জীবননগরে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষ্যে উপজেলার সকল সরকারি বে-সরকারি, শিক্ষা প্রতিষ্ঠান সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত, দো’য়া, আলোচনা সভা, হাসপাতাল ও এতিম খানায় উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান হাফিজ,জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, উপজেলার সহকারী কমিশনার(ভূমি) তিথি মিত্র, জীবননগর থানার অফিসার ইনচাজ এস.এম জাবিদ হাসান,উপজেলা শিক্ষা অফিসার

জালাল উদ্দীন, উপজেলা সমাজ সেবা অফিার জাকির হোসেন মোড়ল, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা দীন ইসলাম, পিআইও মোঃ মিজানুর রহমান,একটি বাড়ি একটি খামার প্রকল্পের আব্দুল সাত্তার, উপজেলা একাডেমিক সুপারভাইজার সৈয়দ আব্দুল জব্বার, উপজেলা ব্যবস্থাপক ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের শেখ হারুন- অর- রশিদ।এছাড়া জীবননগর উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে দলীয় কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন, দো’য়া ও আলোচনা সভার আয়োজন করা হয় ।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুলইসলাম, সাধারণ সম্পাদক আবু. মো. আব্দুল লতিফ অমল, সহসভাপতি বজলুর রহমান, পৌর আওয়ামীলীগের সিনিয়ার সহসভাপতি সেকেন্দার মিয়াসহ উপজেলা পৌর ও ইউনিয়ন আওয়ামীলীগ, ছাত্রলীগ, যুবলীগ, কৃষকলীগ, মহিলালীগ ও এর অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দগন উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে এমএএস ইমনের খাবার বিতরণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এমএএস ইমনের উদ্যোগে দুস্থ্যদের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরের দিকে এমএএস ইমনের অফিস চত্তরে আনুষ্ঠানিকভাবে এই খাবার বিতরণ করা হয়েছে।

এসময় স্বেচ্ছাসেবক লীগের সহসভাপতি অরুপ শিশির, নিসান সাবের, যুগ্ম সাধারণ সম্পাদক জুয়েল রানা, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শরীফ রেজা পান্না,তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক আতিক স্বপন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সদস্য মফিজুর রহমান, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সদস্য কামরুল হাসান

চান্দু, মেহেরপুর জেলা শ্রমিকলীগের সদস্য সচীব মোস্তাফিজুর রহমান, আওয়ামীলীগ নেতা বেলাল হোসেন ছাত্রলীগের সাবেক নেতা ইব্রাহিম হোসেন প্রমুখ।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের অপর অংশের জাতীয় শোক দিবস পালন

জাতির জনক বঙ্গবন্ধুর ৪৮তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামীলীগের একাংশের উদ্যোগে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালের দিকে সামসুজ্জোহা পার্ক স্মৃতিসৌধে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন করেন জেলা আওয়ামীলীগের এই অংশটি।

এসময় মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পাদক বিষয়ক সম্পাদক এমএএস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সদস্য ও মুজিবনগর উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান কামরুল হাসান চান্দু, মোফিজুর রহমান, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, সদর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন উপস্থিত ছিলেন।

আমঝুপিতে জাতীয় শোক দিবস পালন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের কার্যালয়ে ১৫ই

আগস্ট জাতীয় শোক দিবস পালন করা হয়েছে।

জাতীয় শোক দিবস উপলক্ষে ইউনিয়ন আওয়ামীলীগের কার্যালয়ের সামনে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান।

এসময় উপস্থিত ছিলেন, সাধারন সম্পাদক আনোয়ার সাদাত, আমঝুপি ইউনিয়ন শাখার কৃষকলীগের সভাপতি মহাবুব হক, সাধারন সম্পাদক সাদ আলী।

অনুষ্ঠানে প্রধান অতিধি ছিলেন সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু।

জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন শেষে এক শোক র্যালি আমঝুপি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করেন। র্যালিতে অংশ গ্রহন করেন আওয়ামীলীগের স্থানীয় নেতা জাকির হোসেন টরী, খায়রুজ্জামান টুটুল, আবুল কাশেম, আঃ কাদের, কিতাব আলী, আলামিন, হাজি আব্দুল জলিল, ফারুক হোসেন, আবুল কালামসহ স্থানীয় নেতা কর্মী।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন শোককে শক্তিতে পরিণত করে আওয়ামীলীগের নেতা কর্মীদের আগামী নির্বাচনের জন্য কাজ করতে হবে। অনুষ্ঠানের দোয়া পরিচালনা করেন আহসানুজ্জামান সাবলু।

অপর দিকে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় ও আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে পতাকা উত্তোলন করেন, প্রধান শিক্ষক আহম্মদ আলী ও রুহুল আমীন। এসময় উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাফিজুজ্জামান, সহকারী শিক্ষক আবুল হাসান, রাফিউল ইসলাম, বশির আহমেত, আসাদুল হক, আলহাজ।